গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সিলেট সদর, সিলেট
www.sylhetsadar.sylhet.gov.bd

# জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে 'নৈতিকতা কমিটির' সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | খোশনূর রুবাইয়াৎ<br>উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর |
| সভার তারিখ | ১৮ জুন, ২০২৫ খ্রিস্টাব্দ |
| সভার সময় | বিকাল ৩.০০ ঘটিকা |
| স্থান | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সিলেট সদর সিলেট এর সম্মেলনকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | জাতীয় শুদ্ধাচার পুরস্কার নীতিমালা-২০১৭ এর ৩.৮ নং অনুচ্ছেদ অনুযায়ী এ কার্যালয়ের গ্রেড ১০ হতে গ্রেড ১৬ এবং গ্রেড ১৭ হতে গ্রেড ২০ ভূক্ত একজন করে ০২ (দুই) জন কর্মচারী মনোনয়নের ব্যাপারে আলোচনা হয়। | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের গ্রেড ১০ হতে গ্রেড ১৬ ভূক্ত কর্মচারীর মধ্য হতে জনাব মোহন দেব নাথ, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক এবং গ্রেড ১৭ হতে গ্রেড ২০ ভূক্ত কর্মচারীদের মধ্য হতে জনাব মো: বাহাউদ্দিন জাকারিয়া, ফটোকপি মেশিন অপারেটর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সিলেট সদর, সিলেট কে শুদ্ধাচার পুরস্কার ২০২৪-২০২৫ প্রদানের ক্ষেত্রে চূড়ান্তভাবে নির্বাচিত করা হয়। | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা নৈতিকতা কমিটি |
| ০২ | প্রতি মাসে স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবা বক্স হালনাগাদ | প্রতি মাসে স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবা বক্স হালনাগাদ করে আবশ্যিকভাবে প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সকল দপ্তর প্রধান<br>২। উপজেলা আইসিটি অফিসার, সিলেট সদর, সিলেট |
| ০৩ | প্রতি মাসে স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবা বক্স হালনাগাদ | প্রত্যেক কর্মকর্তাকে অফিসিয়াল ই-মেইল ঠিকানা ব্যবহার করতে হবে। | ১। সকল দপ্তর প্রধান<br>২। উপজেলা আইসিটি অফিসার, সিলেট সদর, সিলেট |
| ০৪ | ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স হালনাগাদ | জরুরি ভিত্তিতে ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স হালনাগাদকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সকল দপ্তর প্রধান<br>২। উপজেলা আইসিটি অফিসার, সিলেট সদর, সিলেট |
| ০৫ | প্রত্যেক কর্মকর্তাকে অফিসিয়াল ই-মেইল ঠিকানা ব্যবহার | প্রত্যেক কর্মকর্তাকে অফিসিয়াল ই-মেইল ঠিকানা ব্যবহার করতে হবে। | ১। সকল দপ্তর প্রধান<br>২। উপজেলা আইসিটি অফিসার, সিলেট সদর, সিলেট |

১৮/০৬/২৫

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৬ | প্রত্যেক কর্মকর্তাকে তথ্য অধিকার আইন ২০০৯ এর উপর অনলাইন প্রশিক্ষণ সম্পাদন | বর্ণিত অনলাইন প্রশিক্ষণ সম্পাদনের কাজ দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সকল দপ্তর প্রধান<br>২। উপজেলা আইসিটি অফিসার, সিলেট সদর, সিলেট |
| ০৭ | দুদকের হটলাইন নম্বর ১০৬ (টোল ফ্রি) তথ্য বাতায়নে সংযুক্তকরণ এবং তা কর্মকর্তা-কর্মচারীদেরকে অবহিতকরণ | জরুরি ভিত্তিতে দুদকে স্থাপিত হটলাইন নম্বর ১০৬ (টোল ফ্রি) তথ্য বাতায়নে সংযুক্ত করে কর্মকর্তা-কর্মচারীগণকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সকল দপ্তর প্রধান<br>২। উপজেলা আইসিটি অফিসার, সিলেট সদর, সিলেট |
| ০৮ | তথ্য অধিকার আইন, ২০০৯ জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) আইন, ২০১১ এবং জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) বিধিমালা, ২০১৭ সম্পর্কে কর্মকর্তা-কর্মচারীদেরকে অবহিতকরণ | এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। স্ব স্ব দপ্তর প্রধান<br>২। উপজেলা আইসিটি অফিসার, সিলেট সদর, সিলেট |
| ০৯ | সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণীবিন্যাসকরণ | জরুরি ভিত্তিতে সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণী বিন্যাস করে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ১। সকল দপ্তর প্রধান<br>২। উপজেলা আইসিটি অফিসার, সিলেট সদর, সিলেট |
| ১০ | দাপ্তরিক সকল কাজেই ইউনিকোডের ব্যবহার নিশ্চিতকরণ | দাপ্তরিক সকল কাজেই ইউনিকোড ব্যবহার অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সকল দপ্তর প্রধান<br>২। সহকারী প্রোগ্রামার, উনিঅকা, সিলেট সদর |
| ১১ | বিদ্যুৎ, পানি ও জ্বালানির (তেল/গ্যাস) এর সাশ্রয়ী/সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ | বিষয়টি গুরুত্বপূর্ণ বিবেচনায় সাশ্রয়ী/সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সকল দপ্তর প্রধান, সিলেট সদর, সিলেট |
| ১২ | নির্ধারিত সময়ে এ কার্যালয়ের মাসিক/ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল করতে হবে এবং উপজেলাধীন বিভিন্ন দপ্তরের অফিসারগণ<br>মাসিক/ত্রৈমাসিক/আবশ্যিক পরিবীক্ষণ প্রতিবেদন নির্ধারিত সময়ে এ কার্যালয়ে দাখিল | উক্ত বিষয়ে যথাসময়ে প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল এবং উপজেলাধীন বিভিন্ন দপ্তর হতে এ কার্যালয়ে মাসিক/ত্রৈমাসিক/আবশ্যিক পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সকল দপ্তর প্রধান<br>২। উপজেলা আইসিটি অফিসার, সিলেট সদর, সিলেট |

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮/৬/২৫

খোশনূর রুবাইয়াৎ
উপজেলা নির্বাহী অফিসার
সিলেট সদর, সিলেট
E-mail:unosylhetsadar@gmail.com

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১৬২.০০০.১৫.০০৬.২২ ৯২৫

তারিখ: ০৪ আষাঢ়, ১৪৩২
১৮ জুন, ২০২৫

CamScanner

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২) বিভাগীয় কমিশনার, সিলেট।
৩) জেলা প্রশাসক, সিলেট।
৪) উপজেলা ........................................ অফিসার (সকল), সিলেট সদর, সিলেট [অনুরূপ সভা আহবান এবং পরিবীক্ষণ কাঠামো মোতাবেক প্রণীত কর্মপরিকল্পনাসহ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ]
৫) জনাব.................................................................................................................।
৬) অফিস কপি।

২৮/৬/২৫

খোশনূর রুবাইয়াৎ
উপজেলা নির্বাহী অফিসার
সিলেট সদর, সিলেট

CamScanner